# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৭

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ ঈমানের ফরয

## بَابُ فَرْضِ الْإِيمَانِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ الْمُقَدَّمِيُّ حَدَّثَنَا عَبَّادُ بْنُ عَبَّادٍ حَدَّثَنَا أَبُو جَمْرَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ:
قَدِمَ وَفْدُ عَبْدِ الْقَيْسِ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم قالوا: يَا رَسُولَ اللَّهِ إِنَّا هَذَا الْحَيَّ مِنْ رَبِيعَةَ ـ قَدْ حَالَتْ بَيْنَنَا وَبَيْنَكَ كُفَّارُ مُضر وَلَا نَخْلُصُ إِلَيْكَ إِلَّا فِي شَهْرٍ حَرَامٍ فمرنا بأمر نعمل به وندعوا مَنْ وَرَاءَنَا قَالَ:
(آمُرُكُمْ بِأَرْبَعٍ: الْإِيمَانِ بِاللَّهِ شهادة أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رسول الله وإقام الصلاة وإيتاء الزكاة وَأَنْ تؤدُّوا خُمُسَ مَا غَنِمْتُمْ وَأَنْهَاكُمْ عَنِ الدُّبَّاء والحنتم والنقير والمقير)
الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان
الصفحة أو الرقم: 157 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৫৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, একবার আব্দুল কাইস গোত্রের প্রতিনিধি দল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বললেন: 'আমরা রাবী'আহ গোত্রের লোক। আমাদের ও আপনার মাঝে মুযার গোত্রের কুফফাররা প্রতিবন্ধকতা সৃষ্টি করে ফলে আমরা আপনার কাছে হারাম মাস ছাড়া অন্য কোন সময় আসতে পারিনা। অতএব আপনি আমাদেরকে এমন কিছুর আদেশ দিন, যা আমরা আমল করবো এবং আমাদের পিছে রেখে আসা লোকদের দা'ওয়াত দিব।' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'আমি আপনাদেরকে চারটি জিনিসের আদেশ করছি: (১) আল্লাহর প্রতি ঈমান, এই সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর বান্দা ও রাসূল (২)

সালাত প্রতিষ্ঠা করা (৩) যাকাত প্রদান করা (৪) তোমাদের প্রাপ্ত গনীমতের এক-পঞ্চমাংশ প্রদান করা।' আমি আপনাদেরকে কদুর খোলস, সবুজ কলসি, খেজুরের কাষ্ঠ খোদাই করা পাত্র ও আল কাতরার প্রলেপ দেওয়া পাত্র ব্যবহার করতে নিষেধ করছি।'[1]

قَالَ أَبُو حَاتِمٍ: رَوَى هَذَا الْخَبَرَ قَتَادَةُ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ وَعِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ وَأَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "এই হাদীসটি কাতাদা সা'ঈদ বিন মুসায়্যিব ও ইকরামার সূত্রে আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা[2] থেকে এবং আবু নাযরাহ আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে[3] বর্ণনা করেছেন।"

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫২৩; সহীহ মুসলিম: ১৭; আবু দাউদ: ৩৬৯২; তিরমিযী: ২৬১১; নাসাঈ: ৮/১২০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬৯২৭; মুসনাদ আহমাদ: ১/৩৩৩-৩৩৪।
হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তাহাবিয়্যাহ: ৪২৬)
[2] হাদীসটি ইবনু মান্দাহ 'ঈমান' কিতাবে (১৫৬) বর্ণনা করেছেন।
[3] আবু সা'ঈদ আল খুদরী রদ্বিয়াল্লাহু আনহুর হাদীসটি মুসনাদ আহমাদ: ৩/২২-২৩; সহীহ মুসলিম: ১৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬৯২৯ প্রভৃতি কিতাবে বর্ণিত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88366

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন